

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৫ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১০৯-আইন/২০২৪।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগার (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;
- (গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;
- (ঘ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;
- (ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;
- (চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;
- (ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(১৬৬১৯)

মূল্য : টাকা ১২.০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং
- (খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং
- (খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

- (ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আদানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—**(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

**৬। শিক্ষানবিশি।—**(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলিবারকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশি মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং
- (খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—
  - (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং
  - (আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ধিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০১, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

- (ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং
- (খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**  
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	সিনিয়র গ্রন্থাগারিক	-	পদোন্নতির মাধ্যমে।	গ্রন্থাগারিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।
২।	গ্রন্থাগারিক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<b>পদোন্নতির ক্ষেত্রে:</b> (ক) সহকারী গ্রন্থাগারিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা। <b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং (খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা।
৩।	সহকারী গ্রন্থাগারিক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<b>পদোন্নতির ক্ষেত্রে:</b> ক্যাটালগার বা রেফারেন্স সহকারী পদে অনূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
				<p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;</p> <p>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা;</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৪১	ক্যাটালগার	৩০ বৎসর	<p>মোট পদের শতকরা—</p> <p>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং</p> <p>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b></p> <p>(ক) বুক বাইন্ডার/সটার পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;</p> <p>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা অথবা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা।</p> <p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;</p> <p>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা;</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫।	রেফারেন্স সহকারী	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b></p> <p>(ক) অফিস সহকারী -কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্ত্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;</p> <p>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা; এবং</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা।</p> <p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;</p> <p>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা;</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
৬।	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।		
৭।	বুক বাইন্ডার/সর্টার	৩০ বৎসর	মোট পদের শতকরা—  (ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং	<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b></p> <p>(ক) অফিস সহায়ক বা পরিচ্ছন্নতা কর্মী পদে অন্ত্যন ১০ (দশ) বৎসরের চাকরি;</p> <p>(খ) বুক বাইন্ডিং বা সর্টিং এর কাজে বাস্তব অভিজ্ঞতা;</p> <p>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(ঘ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
			(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বুক বাইন্ডিং বা সর্টিং এর কাজে বাস্তব অভিজ্ঞতা; (গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং (ঘ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৮।	অফিস সহায়ক	মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।		
৯।	পরিষ্কন্নতা কর্মী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।



**তফসিল-২**  
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

সহকারী গ্রন্থাগারিক, ক্যাটালগার, রেফারেন্স সহকারী ও বুক বাইন্ডার/সটার পদে  
সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
১।	লিখিত পরীক্ষা	৭০	৫০%	৯০ মিনিট
	(ক) বাংলা	২০		
	(খ) ইংরেজি	২০		
	(গ) গণিত	১৫		
	(ঘ) সাধারণ জ্ঞান	১৫		
২।	মৌখিক পরীক্ষা	৩০		
		সর্বমোট নম্বর=১০০		

**ব্যাখ্যা।**— নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ; এবং

(খ) তফসিল-৩ এ বর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে)।

**তফসিল-৩**  
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

বুক বাইন্ডার/সর্টার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি:

ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজিতে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	বাংলায় কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	প্রতি বিষয়ে পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজিতে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সময়	বাংলায় কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২০ শব্দ	২০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

**তফসিল-৪**  
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

বুক বাইন্ডার/সর্টার পদে পদোন্নতিযোগ্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি:

ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজিতে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	বাংলায় কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	প্রতি বিষয়ে পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজিতে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সময়	বাংলায় কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১০ শব্দ	১০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

**তফসিল-৫**  
**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
১।	লিখিত পরীক্ষা	৭০	৫০%	১ ঘন্টা
	(ক) বাংলা	২০		
	(খ) ইংরেজি	২০		
	(গ) গণিত	২০		
	(ঘ) সাধারণ জ্ঞান	১০		
২।	মৌখিক পরীক্ষা	৩০		
		সর্বমোট নম্বর=১০০		

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী**  
সিনিয়র সচিব।